বর্ষ - ১৩, সংখ্যা ৩-৪, আষাঢ়-শ্রাবণ ১৩৯৩ : সংগঠন সচিব মিহির মুখোপাধ্যায়ের লেখা 'সংগঠন, সঙ্কট, সমাধান' এর প্রতিটি বিষয় আজও প্রাসঙ্গিক। জানা যায় নবমিতালী আসরের ৩০তম বার্ষিক উৎসবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মন্ত্রী অজিত কুমার পাঁজা ও স্থানীয় বিধায়ক সাধন পান্ডে। রাণীগঞ্জের অভ্যুদয় গোষ্ঠী আসর রাণীগঞ্জ ডলফিন প্রাঙ্গণে স্বর্গীয় গুরুসদয় দত্তের ১০৫তম জন্মবার্ষিকী পালন করে। ১৪-১৭ আগষ্ট ১৯৮৬, মহীশিলা সোনালী আসরের ব্যবস্থাপনায় আসানসোল, জামুড়িয়া, পুরুলিয়া অঞ্চলের শিক্ষা শিবির হয়। সেই বছরেই প্রথম আমি কোনো শিবিরের প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ দিয়েছিলাম। মূলকেন্দ্রের কার্যকরী সভার সিদ্ধান্ত মতে পূর্ব ২৪ পরগণা অঞ্চলের নাম পরিবর্তন করে করা হয় উত্তর-২৪ পরগণা (বারাসাত)। আর পূর্বের উত্তর ২৪ পরগণার নাম হয় উত্তর ২৪ পরগণা (বারাকপুর)। প্রশিক্ষক মনোনীত হন রবিশংকর পাল (আসানসোল) এবং বিকাশ প্রামাণিক (নদীয়া)। ১৯৮৫-৮৬ সালের মূলসত্যসেবীর বার্ষিক প্রতিবেদন ছেপে বেরোয় এই সংখ্যায়। জানা যায় সত্যসেবী পরীক্ষার্থী সংখ্যা ছিল ৫০৯ জন। শিশুভবনের কাজ চলছে। অর্থ সংগ্রহের জন্য ৫০ হাজার ১টাকার কুপন ছাপানো হয়েছিল। আসরবাণীর গ্রাহক ছিল ৭০০-৭৫০জন। পতাকা দিবসটিকে "সবপেয়েছির আসরের সংহতি দিবস" হিসাবে চিহ্নিত হয়েছিল।

বর্ষ - ১৪, সংখ্যা - ৬, আশ্বিন ১৩৯৪ : তখন মূলসত্যসেবী অপূর্ব গাঙ্গুলী, একটি ঘোষণা দেখতে পাই। "আপনাদের আসরে মূলকেন্দ্রের বা অঞ্চলের কোনো শিক্ষক গেলে তাঁকে যাতায়াতের ভাড়া দিতে ভুলবেন না।" এই সংখ্যাটি ছিল ছড়ায় ছড়ায় ও কবিতায় ভরা। মোট ছড়া / কবিতার সংখ্যা - ১৪ টি। আশীষ খাস্তগীরের 'টুম্পার থিয়েটার', অজিত বসুর 'আবার জোয়ার আসবে', কুণাল গোস্বামীর 'জিদ' ছিল উল্লেখযোগ্য প্রবন্ধ। জানবার কথাতে উল্লেখ রয়েছে (১) প্রথম শ্রেণীর ম্যাচ থেকে বিদায় নিলেন ক্রিকেট রাজা সুনীল মনোহর গাভাসকার। (২) ১৯৮৬ সালের দাদাসাহেব ফালকে পুরস্কার পেলেন বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা বি. নাগ্‌গি রেড্ডি। নগদ ১লাখ টাকা (তখনকার দিনের), একটি শাল আর 'স্বর্ণকমল' পদক। জানবার কথা লিখেছিলেন সোমি, পুরো নাম কেউ জানেন কি?

(ক্রমশ)

পতাকা দিবস - ২০২২

অর্থ সংগ্রহের তালিকা

নং	অঞ্চল	মোট অর্থ	শ্রেষ্ঠ সংগ্রহকারী শাখা আসর	সংগৃহীত অর্থ
১	আসানসোল	৬৩৩০	বিধানপল্লী	৩০০০
২	উত্তর কলকাতা	১২৩০	মুরারিপুকুর শ্রীরামকৃষ্ণ	৫০০
৩	উত্তর ২৪ পরগণা (১)	৫৪৬০	বিবেকানন্দ সেবা সমিতি	২৭০০
৪	উত্তর ২৪ পরগণা (২)	১৯০০	কল্পতরু	১০০০
৫	উত্তর নদিয়া	৯৬৬০	রানাঘাট কোর্টপাড়া সংঘ	১৮১০
৬	কোচবিহার	১৩২০	তুফানগঞ্জ সূর্যোদয়	১৩২০
৭	জামুরিয়া	১০০২০	সব্যসাচী	১০০২০
৮	দক্ষিণ কলকাতা	৪৭০০	ভোরের তারা	২৪৮০
৯	দক্ষিণ ২৪ পরগণা	১৬৭৩	সন্তোষপুর সুকান্ত মেলা	৭৭৩
১০	দক্ষিণ নদিয়া	২৮৬০	শিমুরালি	১০০০
১১	দুর্গাপুর	৬৫০০	নবচৈতালী	৪১০০
১২	পশ্চিম মেদিনীপুর	৩৭৬০	শহীদ ক্ষুদিরাম	৩৭৬০
১৩	পুরুলিয়া	১৬৮৬৩	চরৈবেতি	১৩২০০
১৪	পূর্ব মেদিনীপুর	১৫০০	কিশোর জগৎ	১৫০০
১৫	বাঁকুড়া	২৯৩৭	বড়জোড়াগ্রাম দীপাবলী	১৮১০
১৬	মুর্শিদাবাদ	৪৭৬৭	ঝর্ণাধারা	১৬৭০
১৭	হুগলি	১৪৪৭	আম্বেদকর	৩১২৪০
		১,১২,৯২৭		

শ্রেষ্ঠ সংগ্রহকারী

আসর

প্রথম : আম্বেদকর স.পে.আ.

দ্বিতীয় : চরৈবেতি স.পে.আ.

তৃতীয় : সব্যসাচী স.পে.আ.

অঞ্চল

প্রথম : হুগলি

দ্বিতীয় : পুরুলিয়া

তৃতীয় : জামুরিয়া (পশ্চিম বর্ধমান)

শিশু ও কিশোরদের প্রতি

প্রভঞ্জন সরকার

শারীরশিক্ষা আসল শিক্ষা, পড়াশুনার কাজে,
তোমরা সবাই মাতবে এসে, বিকালে আসর মাঝে।
কার্টুনখেলা বন্ধ করো, আর মোবাইল দেখা,
শরীর স্বাস্থ্য ভালো করে বুদ্ধি করো পাকা।

সোনারকাঠি হয়ে তোমরা বাড়াবে দেশের মান,
সবপেয়েছির আসর মাঝে রাখো ধ্যান ও জ্ঞান।
আসর হলো জীয়ন কাঠি, মরণ কাঠি নয়,
তোমরা হবে সেরা মানুষ, ইহাই আসর কয়।

নাচে গানে খেলাধূলায়, ভরিয়ে যখন নেবে,
জীবনের আনন্দটুকু তখন শুধুই পাবে।
জীবন গড়ার সুষম আহার, পাবে যখন হেথায়,
তবেই তুমি ফুল ফুটিয়ে, ভাববে এলেম কোথায়।

মায়েরা পারে 'শিশুদের মাঠে ফেরাতে মন'
তবেই শিশু মানুষ হয়ে বাড়বে অনুক্ষণ।
আসর হলো আসল ভূমি জীবন গড়ার ফাঁকে
তোমরা সবাই মিলবে হেথায়, হয়ে ঝাঁকে ঝাঁকে।

তোমরা সবাই প্রতিজ্ঞা করে, আসর পতাকা বও
সবপেয়েছির আসর মাঝে, সবার সেরা হও।
মানব জাতির করবে সেবা, ধরে সারা জীবন,
ইহাই করো মনের মাঝে, নিবেদিত পণ।

বড়ো হয়ে ওঠো তোমরা আমাদের আশীর্বাদে,
তোমরা তরী বইয়ো শেষে সারা জীবন নির্ব্বিবাদে।
মিলে মিশে সবাই মিলে মাতবে উৎসবে,
ধন্য ধন্য সবাই তবে সবপেয়েছির কবে।।

মা দুর্গা অসুরের যুদ্ধ

প্রণব আচার্য্য

(জেমো সর্বোদয়, স.পে.আ.)

ছুটছি সবাই যুগের তালে ফাস্টো হওয়া চাই
নতুন নতুন ক্লাসে ওঠার মজা আলাদাই।
রক্তবীজের নাম সে-কেলে নতুন নাম চাই
অনেক ভেবে রক্তবীজ করোনা হল ভাই।
এই না দেখে মহিষাসুর হলো পগার পার
কেঁপে বলে তোদের সঙ্গ আমার কম্ম নয়।
গদা মুগুর ঢাল তলোয়ার লাগবে না কোন কাজে
তার চেয়ে মরা ভালো ত্রিশূল খোঁচা খেয়ে।
দুর্গা মায়ের ত্রিশূল বুকে আজও আছি বেঁচে
তাই তো সবাই বছর বছর ড্যাবডেবিয়ে দেখে।
পুজোর থানে এক ঘরেতে হব কি সবাই কাত
সবার জন্য মহিষাসুর কিনে আনে মাস্ক।
দুর্গা বলে চোখ পাকিয়ে বুদ্ধি হল না আর
যুদ্ধ ভুলে চন্ডমুন্ড বাড়ায় স্যানিটাইজার।
লক্ষ্মীপেঁচা লক্ষ্মী ভাঁড়ে ঢালে সাবান জল
ভ্যাকসিন দিয়ে তৈরি করে নৈবেদ্য আর ফল।
মা দুগ্গা হেসে বলে রে মহিষের পোলা
দেখলি এবার কাকে বলে আসল যুদ্ধ কোনডা।

হীরকদ্যুতি-তে মিতালী

‘এ বছর ৬০-এ পা—

মিতালী স.পে.আ.’

আসানসোল অঞ্চলের অন্তর্গত সেনর‍্যালেতে অবস্থিত অতুল বিশ্বাস প্রতিষ্ঠিত ও স্মৃতি বিজড়িত মিতালী সবপেয়েছির আসর হীরক জয়ন্তী বর্ষে (৬০ বছর) পদার্পণ করল। ১৩/৮/২২ থেকে ১৫/৮/২২ বার্ষিক অনুষ্ঠানের মধ্য দিয়ে বর্ষব্যাপী কর্মসূচীর শুভ সূচনা। ১৩/৮/২২ সন্ধ্যেবেলা আদর্শশ্রমিক মঙ্গল কেন্দ্রের অডিটোরিয়ামে বিশিষ্ট অতিথি বর্গের উপস্থিতিতে পতাকা উত্তোলন, প্রদীপ প্রজ্জ্বলন ও কর্মী অভিভাবকবৃন্দের সমবেত সংগীতের (থিম) মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। সোনারকাঠি ভাইবোন, কর্মী অভিভাবকদের নৃত্যানুষ্ঠানের পর নাটক ‘হিংসুটে দৈত্য’ ও ‘জুতো আবিষ্কার’ ছিল বিশেষ আকর্ষণ। নাটক দুটির সুন্দর উপস্থাপনা সকলের প্রশংসা অর্জন করে।

দ্বিতীয় দিন ১৪/৮/২২ অনুষ্ঠানের সূচনা হয় দুপুর ২টোয় বর্ণাঢ্য শোভাযাত্রার মধ্য দিয়ে। ব্যান্ড, বাঁশি, ঢাক, লেজিম, জিপসি ইত্যাদি বাদ্যযন্ত্র ছাড়াও বিভিন্ন আসর ও অঞ্চল থেকে আগত সোনারকাঠিদের চলমান বিভিন্ন প্রদর্শনী বিশেষতঃ বাঁকুড়ার আনন্দমেলা স.পে.আর রণপা ও জিমন্যাস্টিকস্ উপস্থাপনা বিচারকের বিচারে প্রথম স্থান অর্জন করে। এরপর অডিটোরিয়ামে আন্তঃ আসর ফ্যান্সি ড্রিল প্রতিযোগিতা ও আন্তঃজেলা লোকনৃত্য প্রতিযোগিতা দর্শকদের অভিভূত করে। ড্রিলে সাতটি আসর এবং লোকনৃত্য প্রতিযোগিতায় ২৩টি দল অংশগ্রহণ করে। ড্রিলে যথাক্রমে আনন্দমেলা (বাঁকুড়া), মহীশিলা সোনালী ও মিতালী সবপেয়েছির আসর ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করে। লোকনৃত্যে ক-বিভাগে নিবেদিতা নৃত্যদল, সোহম ডান্স অ্যাকাডেমী ও মহীশিলা সোনালী স.পে.আ. এবং খ-বিভাগে মহীশিলা সোনালী, আসানসোল গ্রাম ও আনন্দমেলা স.পে.আ. যথাক্রমে ১ম, ২য় ও ৩য় স্থান অর্জন করে।

১৫/৮/২২ সকাল দশটায় জাতীয় পতাকা ও আসর পতাকা উত্তোলন, দেশাত্মবোধক গান ও নৃত্যের মধ্যে দিয়ে ‘আজাদি কি মহোৎসব’ অনুষ্ঠানটি পালিত হয়।

এ বছর মিতালী সবপেয়েছির আসরের শ্রেষ্ঠ সোনারকাঠি ‘অতুল বিশ্বাস স্মৃতি পুরস্কার’ প্রাপক মেঘা সূত্রধর, শ্রেষ্ঠ আসর সহযোগী অভিভাবক হন পারমিতা পাল।

সমগ্র অনুষ্ঠানগুলিতে বিশিষ্ট অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সর্বশ্রী তাপস ব্যানার্জি (চেয়ারম্যান ADDA ও বিধায়ক), শ্যাম সোরেন (কাউন্সিলর), শ্রাবণী মণ্ডল (কাউন্সিলর)। এছাড়া মূলকেন্দ্রের থেকে আগত মূলসত্যসেবী দিলীপ চক্রবর্তী, জয়দেব বারুই (সহমূলসত্যসেবী), প্রাক্তন মূলসত্যসেবী সব্যসাচী চৌধুরী ও মৃণালকান্তি ব্যানার্জ্জী। অনুষ্ঠানটি এলাকার বহু বিশিষ্ট মানুষ ও দর্শকের অকুণ্ঠ প্রশংসা অর্জন করে।

সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অরুণাংশু বিশ্বাস মহাশয়।

শিশুর বিকাশ

ডাঃ তমোনাশ কর্মকার

'শিশুর পিতা লুকিয়ে আছে সব শিশুরই অন্তরে—'

শিশুর জন্মদিন—যে দিন পৃথিবীতে ভূমিষ্ঠ হয় সেই দিন নয়, মাতৃগর্ভে যেদিন ভ্রূণ সৃষ্টি হয় সেইদিন থেকে—অর্থাৎ পৃথিবীর আলো দেখার ও মুষ্টিবদ্ধ হাত তুলে চিৎকার বা কান্নার আরও ১০মাস আগে। শিশুর যত্ন সেইদিন থেকে নিতে হয়। মাকে সুস্থ রেখে বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা, সেবন, নিরাপত্তা, সুষম আহার গ্রহণ করিয়ে প্রয়োজনীয় চিকিৎসা দিয়েই শিশুর জন্মের আগে মা-কে সুস্থ ও আনন্দময় রাখলেই সুস্থ শিশুর জন্মদান সম্ভব।

এরপর শিশুর নিরাপত্তা ও সুস্থতার জন্য নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। তারপর ১ বৎসর থেকে ৫ বৎসর শিশুর যাবতীয় বিকাশের জন্য শিক্ষা-স্বাস্থ্য-মন বিকাশের উপযুক্ত ব্যবস্থা নিতে হবে।

শিশুর জন্য প্রথম প্রয়োজন সুষম খাদ্য, শরীর চর্চা, ব্যায়াম, আসন, যোগার মধ্য দিয়ে শিক্ষাদান করানো। খেলাধূলা, শরীরচর্চা ও আনন্দদায়ক শিক্ষাদানের মধ্য দিয়ে ধীরে ধীরে শিশুকে বড় করতে হবে। এখনকার অভিভাবকগণ সহজেই সন্তানের হাতে Mobile Phone তুলে দেন, TV দেখার সুযোগ করে দেন। পরিবর্তে অভিভাবকেরা যদি তার শিশুকে নিজেরা সময় দান করেন, বাবা-মা-অভিভাবকদের সান্নিধ্যলাভের মাধ্যমেই তার প্রকৃত শিক্ষা লাভ হবে এবং শারীরিক ও মানসিক বিকাশ ঘটবে।

শিশুদের ভবিষ্যৎ গড়ে তোলার জন্য অভিভাবক-অভিভাবিকাদের সদা সতর্ক ও সচেষ্ট হওয়া প্রয়োজন।

নেতাজী সুভাষ চন্দ্র বসুর ১২৫তম জন্মদিবসে সবপেয়েছির আসর (মূলকেন্দ্র) আয়োজিত সারা বাংলা বসে আঁকো প্রতিযোগিতার ফলাফল

ক বিভাগ —	১ম	স্বপ্নিল ঘোষ, (মদনপুর স.পে.আ., নদীয়া)
	২য়	তনি দাস, (নাসরা স.পে.আ., নদীয়া)
	৩য়	তোষন সরকার, (নাসরা স.পে.আ., নদীয়া)
খ বিভাগ —	১ম	সৃষ্টি চক্রবর্তী, (মদনপুর স.পে.আ., নদীয়া)
	২য়	শ্রেয়া দাস, (মদনপুর স.পে.আ., নদীয়া)
	৩য়	সোনিয়া মিত্র, (নাসরা স.পে.আ., নদীয়া)
গ বিভাগ —	১ম	অনামিকা ঘোষ, (মদনপুর স.পে.আ., নদীয়া)
	২য়	স্বস্তিকা ব্যানার্জি, (কলকাতা)
	৩য়	অহনা ঘোষ, (মদনপুর স.পে.আ., নদীয়া)

মা গো তুমি এসো তাড়াতাড়ি

সাগ্নিক রায়চৌধুরী

(সোনার কাঠি, জেমো সর্বোদয়)

মা গো তুমি এসো তাড়াতাড়ি,
দূর করো সব মহামারি।
মা গো তুমি অস্ত্রধারী,
সারিয়ে ফেলে কোভিড মহামারি।
মা গো তুমি এসো এবার,
বিশ্বভুবন করো উদ্ধার।
সঙ্কটে মা থেকো পাশে,
গরীব দুঃখীর দুঃখ নাশে।
কাজ কর্ম হয়েছে বন্ধ,
চারিদিকে শুধু রাজনীতির গন্ধ।
দশহাতে অস্ত্র নিয়ে,
করো মা গো অসুর দমন।
সুস্থভাবে বাঁচতে হলে,
নিয়মবিধি মানতে হবে।
সবার খেয়াল রাখতে হবে,
এসো মা গো তাড়াতাড়ি,
দূর করো সব মহামারি।

শরৎ এলো

সোহম দে

(সোনার কাঠি, জেমো সর্বোদয়)

এসেছে শরৎ বাড়িয়ে দিয়ে হাতখানি তার,
গলার পরে শিউলি ফুলের হার।
ডাকে সবারে দিয়ে হাতছানি—
চিনিয়ে দিয়ে খোলা রাস্তাখানি।
হালকা নতুন বাতাস এসে
জানায় হিমের আমন্ত্রণ।
কাশফুল দুলে বলে, শরৎ ভীষণ আপনজন।
ঢাকের কাঠি নাড়িয়ে দিয়ে,
শরৎ এলো দুর্গা নিয়ে।
ডাকছে শরৎ ওগো চাষি
আনন্দে ওঠো মেতে
ধানের শিষে ফুল এসেছে—
তাকিয়ে দেখো সোনার ক্ষেতে।

আসরের খবর

আসানসোল অঞ্চলের মহীশিলা সোনালী আসরের বিভিন্ন অনুষ্ঠান :—

* **রাখীবন্ধন :** ৬২ জন সোনারকাঠি, অভিভাবকমণ্ডলী এবং কর্মী ও সদস্যমণ্ডলীর উপস্থিতিতে সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। স্থানীয় পুরপিতা ডঃ অমিতাভ বসু উপস্থিত ছিলেন। নীলাঞ্জনা সরকার-নৃত্য, মৃণাল পাণ্ডে-সংগীত এবং অর্পিতা পাত্র ও অগ্নিদীপ্তা দাস আবৃত্তি পরিবেশন করেছে।
* **৭৫তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন :** যথাযথ মর্যাদা সহকারে জাতীয় পতাকা ও আসর পতাকা উত্তোলন হয়েছে।
* **আসর প্রতিষ্ঠা দিবস :** ২রা সেপ্টেম্বর আসর ভবনে কর্মী প্রবীর বসু দ্বারা আসর পতাকা উত্তোলন, কর্মী অভিজিৎ রায় কর্তৃক প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে আনন্দপূর্ণ পরিবেশে আসরের প্রতিষ্ঠা দিবস পালন করা হয়।

* **স্বেচ্ছায় রক্তদান শিবির :** প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ২৪জন রক্তদাতা রক্ত দান করেন। উপস্থিত ছিলেন আসানসোল পুরনিগমের মহানাগরিক শ্রীবিধান উপাধ্যায়, বিধায়ক এবং চেয়ারম্যান এ.ডি.ডি.এ শ্রী তাপস বন্দ্যোপাধ্যায়, পুরপিতা ডঃ অমিতাভ বসু, শ্রী মানস দাস। অনুষ্ঠানটি পর্যবেক্ষণের জন্য উপস্থিত ছিলেন সবপেয়েছির আসর মূলকেন্দ্রের সেবাসচিব শ্রী হরেকৃষ্ণ দে এবং সহ-সাধারণ সম্পাদক শ্রী জয়দেব বারুই মহাশয়।

সোনারকাঠিদের রক্তদানে উৎসাহ দেওয়ার জন্য রক্তদানের উপর স্লোগান প্রতিযোগিতা হয়। বিচারক ছিলেন ডঃ অমিতাভ বসু, শ্রী জয়দেব বারুই এবং নিলয় কাবরাজ। প্রথম হয়েছে—সংযুক্তা দত্ত, ২য়—রাতুল রায়চৌধুরি, যুগ্ম ৩য়—রীতিকা রায় এবং নীলাঞ্জনা সরকার, ৪র্থ—অগ্নিদীপ্তা দাস, ৫ম—অংশুমান দে।

পুরুলিয়া চরৈবেতি সবপেয়েছির আসরের প্রতিবেদন

❐ ৫ জুন, ২০২২—“বিশ্ব পরিবেশ দিবস” উদ্‌যাপিত হল চরৈবেতি আসরের উদ্যোগে। সঙ্গে ছিল পুরুলিয়া বিজ্ঞান মঞ্চ। প্রভাতফেরীর মাধ্যমে অনুষ্ঠানের সূচনা। প্রভাতফেরীতে অংশগ্রহণ করেছিল স.পে.আ.-র সোনারকাঠি ভাইবোন ও কর্মী ভাইবোনেরা। সেই সাথে ছিল বিজ্ঞানমঞ্চের অনুরাগী ব্যক্তিগণ। প্রভাতফেরীর পর বসে আঁকো প্রতিযোগিতা—সেখানে প্রায় শতাধিক ভাইবোন অংশগ্রহণ করেছিল। সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে “বিশ্ব পরিবেশ দিবস” সমাজের বহু মানুষের কাছে ঐ বার্তা পৌঁছতে সমর্থ হয়েছিল যে—“পরিবেশ শুধু বর্তমান প্রজন্মের জন্যই নয়, আগামী প্রজন্মের নিকট আরও মূল্যবান।”

❐ ১০ জুলাই ২০২২ — “জলাশয় বাঁচাও ও আপনি বাঁচুন” অনুষ্ঠানটি চরৈবেতি সবপেয়েছির আসরের সহযোগিতায় “বিজ্ঞান মঞ্চের উদ্যোগে পুরুলিয়া শহর জুড়ে উদ্‌যাপিত হল। সোনারকাঠি ভাই-বোন ও কর্মী ভাই-বোন এবং বিজ্ঞানমঞ্চের শুভানুধ্যায়ীরা সারা পুরুলিয়া শহর ফেস্টুন ও প্রচার সহযোগে পরিক্রমা করে এবং শহরে ব্যাপক সাড়া পড়ে।

❐ ২৯ জুলাই ২০২২, স.পে.আ-র ৭৮তম জন্মদিবস উদ্‌যাপিত হল চরৈবেতি সবপেয়েছির আসর মাঠে। সকালে আসর পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের শুরু। প্রভাতফেরীতে সোনারকাঠি ভাই-বোন ও কর্মী ভাই-বোনেরা অংশগ্রহণ করে। বিকালে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

❐ প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে ১৫ অগাস্ট স্বাধীনতা দিবসের অনুষ্ঠানটি পিছিয়ে এনে ৫ সেপ্টেম্বর “জাতীয় শিক্ষক দিবস”-এর সাথে একসাথে ঐ দিন সোনারকাঠি ভাই-বোন ও কর্মী ভাই-বোনেরা একটি অনুষ্ঠানের আয়োজন করে। আসর পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের শুরু হয়। সোনারকাঠি ভাই-বোনেরা নাচ, গান, কর্মসঙ্গীত ইত্যাদির মাধ্যমে দিনটি উদ্‌যাপিত করে। ঐ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সুপ্রিয়া ভকত মহাশয়া।

জাতীয় ক্রীড়া দিবস

❐ হকির যাদুকর **ধ্যানচাঁদের** ১১৭তম জন্মদিবস ২৯শে আগষ্ট, ২০২২ স.পে.আ.-র কেন্দ্রীয় শিশুভবনে পালন করা হয়।

প্রতিকৃতিতে মাল্যদান করেন সংগঠনের ক্রীড়াসচিব, সেবা সচিব, এবং সাংস্কৃতিক ভারপ্রাপ্ত সচিবসহ সহঃ মূলসত্যসেবী। দিবসটির গুরুত্ব ও প্রাধান্য আলোচনা করেন ক্রীড়া সচিব ও সহঃ মূলসত্যসেবী। স্বপনবুড়োর মূর্তিতে মাল্যদান করেন সেবা সচিব ও শিশুভবনের সাংস্কৃতিক শিক্ষণশ্রেণির শিক্ষক শিক্ষিকারা।

বিভিন্ন অঞ্চলে ও শাখা আসরেও গুরুত্ব সহকারে শ্রদ্ধেয় মেজর ধ্যানচাঁদের জন্মদিবস পালনের খবর আসে।

৭৫তম স্বাধীনতা দিবস উদ্‌যাপন

❒ এই বছর স্বাধীনতার ৭৫ বছর। সারা দেশে বেশ সাড়ম্বরের সঙ্গে এ বছর স্বাধীনতা দিবস পালন করা হল। সাহাপুর নবারুণ সংঘের সোনারকাঠি ভাইবোনদের নিয়ে সারাদিন ব্যাপী বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে এই দিনটিকে মহিমান্বিত করার চেষ্টা হয়। সকালে প্রভাতফেরীর মাধ্যমে এই অনুষ্ঠান শুরু হয়েছে। এতে সোনারকাঠি ভাইবোনদের সঙ্গে অভিভাবক / অভিভাবিকারাও ছিলেন। ছিলেন আসরের কিছু প্রাক্তন সদস্য, সদস্যা। পরিক্রমা শেষে আসরের মাঠে কিছু দেশাত্মবোধক গানের মাধ্যমে ভাইবোনদের acting song প্রদর্শিত হয়। বিকেলে ছিল বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠান। ভাইবোনেরা বিভিন্ন দেশাত্মবোধক গানের সঙ্গে নৃত্য প্রদর্শন করে, আবৃত্তি এবং সঙ্গীতও পরিবেশন করে। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কলকাতা পুরসভার ১১৮ নং ওয়ার্ডের পৌরপিতা শ্রী তারক সিং মহাশয় এবং ১১৯ নং ওয়ার্ডের পৌরমাতা শ্রীমতী কাকলি বাগ মহাশয়া। সঙ্গে ছিলেন সবপেয়েছির আসরের দক্ষিণ কলকাতা শাখার সংগঠক শ্রী সজল সরকার এবং সবপেয়েছির আসরের সহমূলসত্যসেবী শ্রী জয়দেব বারুই মহাশয়। জয়দেব বারুই মহাশয় বক্তব্যে বলেছিলেন, শিশু সংগঠন কেন দরকার, শিশুদের মাঠের প্রয়োজনীয়তা কতটা, কিভাবে একজন শিশু সহপাঠ্যক্রমিক পরিবেশে স্ফুরিত হতে পারে ইত্যাদি। তার এই অনুপ্রেরণামূলক, ইতিবাচক উপদেশে অনেক অভিভাবক অনুপ্রাণিত হয়েছেন। সকলের সহযোগিতায় এবং অনুপ্রেরণায় আসরের কর্মসূচীকে আরও এগিয়ে নেবার অঙ্গীকার নিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

❒ গত ১৫ই আগস্ট ২০২২ আরবান স্বাস্থ্য কেন্দ্রের প্রাঙ্গণে উদ্‌যাপিত হল "স্বাধীনতার ৭৫তম বর্ষের সমাপ্তি অনুষ্ঠান। সুসজ্জিত প্রাঙ্গণে ১৯৫৭ সালের ২৩শে জানুয়ারি প্রতিষ্ঠিত চেতলা সবপেয়েছির আসর দক্ষিণ কলকাতার অন্যতম শাখা সংগঠন যথাযথ মর্যাদার সাথে "স্বাধীনতা দিবসে"র কর্মসূচি উদ্‌যাপন করে। জাতীয় পতাকা উত্তোলন করেন উপদেষ্টা পর্ষদের অন্যতম সদস্য প্রখ্যাত অঙ্কন শিল্পী শ্রী মৃত্যুঞ্জয় মণ্ডল ও আসরপতাকা উত্তোলন করেন কার্যকরী সভাপতি শ্রী প্রদীপ কুমার বসু মহাশয়। কুচকাওয়াজ ও ব্যান্ড দলের অভিপ্রদর্শনী সকলকে মুগ্ধ করে। বিশিষ্ট গুণীজনের উপস্থিতিতে অনুষ্ঠান প্রাণবন্ত হয়ে ওঠে। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কর্ম-সংসদীয় সদস্য অধ্যাপক সুমিত কুমার বড়ুয়া মহাশয়।

❒ দুর্গাপুর অঞ্চলের পূর্বাভাস সবপেয়েছির আসরের ব্যবস্থাপনায় স্থানীয় শ্রদ্ধা শিক্ষা নিকেতন প্রাঙ্গণে বিজয়া সম্মিলনী উৎসব অনুষ্ঠিত হয়। প্রারম্ভিক বক্তব্যে অঞ্চলের অন্যতম উপদেষ্টা শ্রী সিদ্ধেশ্বর শেঠ বিজয়া দশমীর ইতিহাস তুলে ধরেন। অনুষ্ঠানে শুভেচ্ছা প্রদানমূলক বক্তব্য রাখেন প্রধান উপদেষ্টা শ্রী অজয় চক্রবর্তী, অঞ্চল সংগঠক শ্রী পরিমল দাস, আসরপ্রাণ নিত্যানন্দ ভট্টাচার্য ও অঞ্চলের বিশিষ্ট ব্যক্তিবর্গ। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন শ্রী দিলীপ শেঠ মহাশয়। পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠানগুলি সকলকে মুগ্ধ করে।

কেন্দ্রীয় শিশুভবনে সবপেয়েছির আসরের বিজয়া সম্মিলনী উৎসব

❒ ১৫ই অক্টোবর ২০২২ শনিবার বেলা ৩ ঘটিকায় পালিত হলো বিজয়া সম্মিলনী। উক্ত সম্মেলনে সবপেয়েছির আসরের কার্যকরী সদস্য, কেন্দ্রীয় কর্মীবৃন্দ এবং আজীবন সদস্য এবং সহৃদয় ব্যক্তিরা উপস্থিত ছিলেন। সুন্দর ঘরোয়া পরিবেশে অনুষ্ঠানটি পরিবেশিত হয়। বক্তব্য রাখেন সভাপতি শ্রী কমলেশ চট্টোপাধ্যায়, কার্যকরী সভাপতি অপূর্ব গাঙ্গুলি এবং মূল সত্যসেবী দিলীপ চক্রবর্তী। সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করেন শ্রী স্বপন রায়, তরুণ চক্রবর্তী, আশিষ দাস, অপরেশ মজুমদার, হরবোলা সুনীল আদক বিশিষ্ট চিকিৎসক আসরের শুভানুধ্যায়ী শ্রী তমোনাশ কর্মকার প্রমুখ। শুভেচ্ছা প্রদান করেন সহঃমূলসত্যসেবী শ্রী জয়দেব বারুই। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন শিক্ষণ সচিব শ্রী তরুণ

চক্রবর্তী। আসর পতাকা উত্তোলন করেন শ্রী কমলেশ চট্টোপাধ্যায় এবং স্বপনবুড়োর আবক্ষ মূর্তিতে মাল্যদান করেন কার্যনির্বাহী সভাপতি শ্রী অপূর্ব গাঙ্গুলি মহাশয়। বিজয়া সম্মিলনীর এই আনন্দময় অনুষ্ঠানটি বহুদিন স্মৃতি হয়ে থাকবে।

প্রতিষ্ঠা দিবস উদ্‌যাপন

❐ গত ২৯ জুলাই, ২০২২ সাড়ম্বরে পালিত হলো সবপেয়েছির আসরের ৭৫তম প্রতিষ্ঠা উৎসব। সকাল ১০টায় শিশুভবনে 'স্বপন বুড়োর' আবক্ষ মূর্তিতে মাল্যদান এবং সকাল ১১টায় উত্তর কলকাতার 'জগৎ মুখার্জী পার্কে স্বপন বুড়োর প্রতিকৃতিতে মাল্যদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রাক্তন মূলসত্যসেবী বিশ্বজিৎ খাস্তগীর ও সব্যসাচী চৌধুরী এবং বর্তমান সহঃমূলসত্যসেবী জয়দেব বারুই মহাশয়। সকলেই প্রতিকৃতিতে মাল্যদান করেন। নবমিতালি ও গোপীমোহন সবপেয়েছির আসরের পক্ষ থেকে প্রতিষ্ঠাতার প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা নিবদেন করা হয়।

❐ শিশু ভবনে আয়োজিত বৈকালিক অনুষ্ঠানে আসর পতাকা উত্তোলিত হয়, স্বপনবুড়োর আবক্ষ মূর্তিতে মাল্যদান করা হয়। সবপেয়েছির প্রথা অনুসারে সকল কর্মসূচি যথাযথ মর্যাদার সাথে পালিত হয়।

❐ সংগঠনের প্রাক্তন মূল সত্যসেবী শ্রীদাম সাহার প্রয়াণের কারণে প্রতিষ্ঠা উৎসবের সাংস্কৃতিক অনুষ্ঠান ৩১জুলাই, ২০২২ পরিবেশিত হয়। সান্ধ্যকালীন সাংস্কৃতিক অনুষ্ঠানে শাখা আসরের সোনারকাঠি ভাই-বোনেরা নানাবিধ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে সকলকে নির্মল আনন্দ দান করেন। শিশু ভবনের কলা বিকাশ কেন্দ্রের শিক্ষার্থীরা অনুষ্ঠানে ভিন্ন স্বাদের নানা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে সকলকে মুগ্ধ করে। প্রতিষ্ঠা উৎসবে ও প্রতিষ্ঠাতাকে শ্রদ্ধা নিবেদনের জন্য উক্ত অনুষ্ঠানে সভাপতি কার্যনির্বাহী সভাপতি, মূলসত্যসেবী, সহঃমূলসত্যসেবী সহ সচিবগণ, অঞ্চল সংগঠকগণ, হিতৈষী, শুভানুধ্যায়ীরা উপস্থিত ছিলেন। অভিভাবক-অভিভাবিকাদের উপস্থিতি অনুষ্ঠানকে সমৃদ্ধ করে। সাংস্কৃতিক অনুষ্ঠানে অন্যতম শাখা আসর রূপে 'ভোরের তারা', সতীন সেন স্মৃতি সংঘ, সাহাপুর নবারুণ সংঘ, শিশু ভারতী ও বেহালা বোধায়ন সবপেয়েছির আসরে অংশগ্রহণ করে।

❐ গত ২১ অক্টোবর, ২০২২, শুক্রবার প্রায় দেড় শতাধিক সোনারকাঠি ও কর্মী ভাইবোন নিয়ে বিজয়া সম্মেলনে অনুষ্ঠিত হল বাঁকুড়া অঞ্চলের আনন্দমেলা সবপেয়েছির আসর মাঠে। উপস্থিত ছিলেন সবার প্রিয় তপন গুপ্ত, বিশিষ্ট শিক্ষক সুজয় চন্দ্র ঘোষাল, সংঘমিত্র সমীর কুমার মণ্ডল, মণিশঙ্কর গুপ্ত, অতনু মণ্ডল, কর্মী বলরাম বাউরী, বুদ্ধদেব বাউরী ও আরও বিশিষ্ট ব্যক্তিবর্গ।

বিজয়া সম্পর্কে বিস্তারিতভাবে আলোচনা করেন তপন গুপ্ত। অনুষ্ঠানে বিশিষ্টজনেরা শারদীয়ার অন্তিমলগ্নে "বিজয়া" বিষয়ক নানাবিধ বক্তব্য রাখেন। সবশেষে মিষ্টি মুখ করে বিজয়া সম্মেলনের সমাপ্তি হয়।

❐ গত ২৯ মে, ২০২২ কেন্দ্রীয় শিশু ভবনে যথাযথ মর্যাদার সাথে রাজা রামমোহন রায়-এর ২৫০তম জন্মদিবস উদ্‌যাপিত হয়। ঘরোয়া পরিবেশে মহামানবের সমাজ সংস্কারের বিভিন্ন বিষয়গুলি নিয়ে বিশিষ্টজনেরা অনুষ্ঠানে বক্তব্য রাখেন। মাল্যদান, প্রদীপ প্রজ্জ্বলন ও তাঁর প্রতিবাদী রূপকে শ্রদ্ধা জানিয়ে অনুষ্ঠান সমাপ্ত হয়।

❐ গত ২৯ জুলাই, ২০২২ পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর-এর প্রয়াণ দিবস কেন্দ্রীয় শিশু ভবনে যথাযথ মর্যাদার সাথে পালিত হয়। প্রতিকৃতিতে মাল্যদান, পুষ্পপ্রদান, প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। মহামানবের গুণাবলীর নানা ইতিহাস বক্তাদের কথায় প্রকাশ পায়। শিশু শিক্ষার প্রথম পাঠ "বর্ণপরিচয়"-এর রচয়িতা বিদ্যাসাগর ছিলেন লেখক, দার্শনিক, শিক্ষাবিদ, পণ্ডিত, অনুবাদক, প্রকাশক, মানব হিতৈষী ও সমাজ সংস্কারক। অনুষ্ঠানে মূলকেন্দ্রের কর্মীবৃন্দ, কেন্দ্রীয় পদাধিকারী, অঞ্চল সংগঠক, আসর কর্মী ও আসরবন্ধুরা উপস্থিত ছিলেন।

❒ গত ২৯ আগস্ট, ২০২২ কেন্দ্রীয় শিশু শিশুভবনে একসাথে দুইটি অনুষ্ঠান উদ্‌যাপিত হয়। দুই ভিন্ন স্বাদের অনুষ্ঠানে উৎসাহের কোন ঘাটতি ছিল না।

জাতীয় ক্রীড়া দিবস : হকির যাদুকর ধ্যানচাঁদের জন্মদিবস জাতীয় ক্রীড়া দিবসরূপে খ্যাত হয়েছে। সারা দেশের ক্রীড়া প্রেমিকরা ঐ দিনটি নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে পালন করে। 'ধ্যানচাঁদ' তাঁর ক্রীড়া গুণের জন্য জাতীয় স্তরে বহু সম্মান ও পুরস্কারে ভূষিত হয়েছেন। সবপেয়েছির আসরে ধ্যানচাঁদের জন্মদিবস যথাযথ মর্যাদার সাথে পালন করা হয়। প্রতিকৃতিতে মাল্যদান, পুষ্পপ্রদান এবং অজস্র মোমবাতি জ্বালিয়ে শ্রদ্ধা নিবেদন করা হয়। ক্রীড়া সচিব স্বাগত ভাষণে ধ্যানচাঁদের জীবনের নানা কাহিনী ব্যক্ত করেন। অনুষ্ঠানে সহঃ মূলসত্যসেবী, সেবা সচিব, সম্পত্তি সংরক্ষণ সচিব, সংগঠক, সহঃ সংগঠক, কর্মীগণ ও কলা বিকাশ কেন্দ্রের শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

নজরুল প্রয়াণ দিবস : বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম-এর প্রয়াণ দিবস ঘরোয়া পরিবেশে যথাযথ মর্যাদার সাথে উদ্‌যাপিত হয়। মহামানবের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করেন সহঃমূলসত্যসেবী মহাশয়। উপস্থিত সকলেই পুষ্প প্রদান করেন মহামানবের প্রতিকৃতিতে। নজরুলের জীবনকাহিনী ব্যাখ্যা করে বক্তারা নানা বিষয় তুলে ধরেন। তাঁর সৃষ্ট বিষয়গুলি আজও আমাদের জীবনে স্মরণীয় ও অমর হয়ে আছে। নজরুলের বিদ্রোহী-প্রতিবাদী প্রতিভা মানুষের অন্তরে চিরকাল জাগ্রত থাকবে।

গুরুজী জন্মোৎসব

❒ উত্তর ২৪ পরগণা (বারাসাত) অঞ্চলে ঁগুরুসদয় দত্তের (গুরুজী) জন্মোৎসব অনুষ্ঠিত হল ২১ মে, ২০২২ শনিবার অঞ্চলের অগ্রণী সংগঠন নববারাকপুর নবাকাঙ্ক্ষী সবপেয়েছির আসরের ব্যবস্থাপনায়, সমবেত ব্রতচারী অভিপ্রদর্শনীর মাধ্যমে। প্রচন্ড প্রাকৃতিক দুর্যোগকে উপেক্ষা করে বারাসাত অভিযান সবপেয়েছির আসরের সোনারকাঠি ও কর্মী ভাইবোনেরা ও কেন্দ্রীয় প্রশিক্ষক সৌমেন সাহা ও সীমা দে-র নেতৃত্বে এই অভিপ্রদর্শনীতে অংশগ্রহণ করে। গুরুজীর প্রতিকৃতিতে মাল্যদান এবং ব্রতচারী আন্দোলন বিষয়ে আলোচনার মাধ্যমে অনুষ্ঠানে প্রাথমিক পর্যায়ের কর্মসূচি সমাপনের পর বারাসাত অঞ্চলের প্রধান উপদেষ্টা ও ব্রতচারী নায়ক শুভেন্দু মুখোপাধ্যায়ের নেতৃত্বে ব্রতচারী অভিপ্রদর্শনীতে অংশগ্রহণকারী সোনারকাঠি-কর্মীরা ব্রতচারীর প্রার্থনা, বারোপণ, সারিগান, বাংলাভূমির দান দিয়ে শুরু করে তরুণদল, লাঠিখেলা, বাউলনৃত্য ইত্যাদিও প্রদর্শন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন নববারাকপুর পৌরসভার প্রধান শ্রী প্রবীর সাহা, অঞ্চলের উপদেষ্টামন্ডলীর মাননীয় সদস্য পূর্ণেন্দু বসু, মূলকেন্দ্রের হিসাবরক্ষক সুমিত সাহা, অঞ্চল সংগঠক প্রসূন মুখার্জী, সহঃ সংগঠক সুশান্ত মন্ডল, সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ। অনুষ্ঠানে নবাকাঙ্ক্ষী আসরের বর্ষীয়ান কর্মীদের সমবেত সংগীতের মাধ্যমে অংশগ্রহণ প্রশংসার দাবি রাখে।

সংঘমিত্র-কর্মী সম্মেলন

❒ উত্তর ২৪ পরগণা (বারাসাত) অঞ্চলের সংঘমিত্র-কর্মী সম্মেলন অনুষ্ঠিত হল বারাসাত স্বামী বিবেকানন্দ সেবা সমিতি সবপেয়েছির আসরের সুন্দর ব্যবস্থাপনায় তাদের আসর কার্যালয়ে ৪ঠা সেপ্টেম্বর, ২০২২ রবিবার। আসরপতাকা উত্তোলনের মাধ্যমে এই সম্মেলনের শুভসূচনা করেন মূলসত্যসেবী দিলীপ চক্রবর্তী মহাশয়। স্বাগত ভাষণ প্রদানে সহঃ মূল সত্যসেবী জয়দেব বারুই সংঘমিত্র-কর্মী সম্মেলনের গুরুত্ব বিষয়ে আলোকপাত করেন। সভাপতিত্ব করেন অঞ্চলের প্রধান উপদেষ্টা শুভেন্দু মুখোপাধ্যায়। সংগঠক প্রসূন মুখার্জী প্রতিবেদন এবং অঞ্চল তহবিলের হিসাব পেশ করেন। উপস্থিত ১১টি আসরের সংঘমিত্র / প্রতিনিধি নিজ আসরের কর্মবিবরণী পাঠ ও পেশ করে অঞ্চল সংগঠকের প্রতিবেদনের উপর আলোচনা / মতপ্রকাশ করেন। সম্মেলনে উপস্থিত ছিলেন উপদেষ্টামন্ডলীর সদস্য পূর্ণেন্দু বসু, শ্যামল বসু, জয়দেব বিশ্বাস, বিশ্বজিৎ খাস্তগীর,

মূলকেন্দ্রের হিসাবরক্ষক সুমিত সাহা, কেন্দ্রীয় প্রশিক্ষক সৌমেন সাহা, আঞ্চলিক প্রশিক্ষক সীমা দে, চম্পা কুশারী, অনুপম পাল, গৌতম সরকার, সহায়ক প্রশিক্ষক সুরজিৎ কর্মকার, সরস্বতী সেন, চম্পা দত্ত প্রমুখ। জবাবী ভাষণে মূল সত্যসেবী অঞ্চলের আসরগুলিকে সক্রিয়তা বাড়িয়ে সংগঠনকে আরও প্রাণবন্ত করে তুলে আগামী কেন্দ্রীয় ও আঞ্চলিক কর্মসূচীগুলিতে যোগদানের আহ্বান জানান। মূলকেন্দ্র তথা অঞ্চলের একদা সক্রিয় (যিনি ব্যক্তিগত অসুবিধার কারণে বিভিন্ন কর্মসূচীতে কিছুদিন অনুপস্থিত ছিলেন) কর্মী সুচিন্ত সাহার উপস্থিতি এবং বক্তব্যে আগামী কর্মসূচীগুলিতে তাঁর যোগদান ও সহযোগিতার প্রতিশ্রুতি কর্মীদের আনন্দিত ও উৎসাহিত করে। পতাকা অবনমন এবং ব্যবস্থাপক আসর সহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সম্মেলনের সমাপ্তি ঘটে।

❐ আসানসোল গ্রাম সবপেয়েছির আসরের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে প্রতিষ্ঠাতা স্বপনবুড়োর প্রতিকৃতিতে মাল্যদান, এলাকার শিশুদের পুষ্টিকর খাবার বিতরণ করা হয়। আসরের ভাইবোনেরা বৃক্ষরোপণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

* **স্বাধীনতা দিবস পালন :** দেশের ৭৬তম স্বাধীনতা দিবসে জাতীয় পতাকা উত্তোলন করেন পৌরপিতা উদয় রায়। আসর মুকুল শিশু শিক্ষা নিকেতনের ভাইবোনেরা ছড়া ব্যায়াম ও সাংস্কৃতিক অনুষ্ঠান করেন। শ্যামল সামন্ত মহাশয় স্বাধীনতার এই অমৃত মহোৎসবে সকলকে মানুষ গড়ার এই কারখানায় সবপেয়েছির আসরের তাৎপর্য বর্ণনা করেন। শেষে সকলকে মিষ্টিমুখ ও এলাকার দরিদ্র মানুষদের বস্ত্রবিতরণ করা হয়।

  সংঘমিত্র মাধব রায় ধন্যবাদ জানান আসরের বোনদের মিতালী সবপেয়েছির আসরে লোকনৃত্য প্রতিযোগিতায় দ্বিতীয় হওয়ার জন্য।

* **শিক্ষক দিবস পালন :** প্রতি বৎসরের ন্যায় এই বৎসর শিক্ষক ও এলাকার ছাত্রছাত্রীদের সংবর্ধনা দেওয়া হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন অধ্যক্ষ আসানসোল গার্লস কলেজের প্রশান্ত কুমার দে সরকার, গুপ্তা কলেজের ভাইস প্রিন্সিপাল ডঃ উত্তম কুমার ভট্টাচার্য, ডঃ মানিক চন্দ্র বড়াল, অধ্যক্ষ মিতা রায়, আসানসোল সাবডিভিশন স্পোর্টসের যুগ্ম সম্পাদক তুহিন মুখার্জী, সুখেন্দু ব্যানার্জী, মুক্তবিহঙ্গ সম্পাদিকা অপর্ণা ভট্টাচার্য, সভাপতি মিতালি সরকার, বৃষ্টির প্রাক্তন খেলোয়াড় অলোক দে।

শিক্ষক ও বিশিষ্ট জনেদের সংবর্ধনা দেওয়ার সাথে সাথে এলাকার মহিলাদের পঞ্চাশজনকে শাড়ি দেওয়া হয়। আসরের ভাইবোনদের সাংস্কৃতিক অনুষ্ঠান এলাকার মানুষদের প্রশংসা লাভ করে।

সবপেয়েছির আসর প্রকাশনা

সংগঠনী	দ্বিবার্ষিক পত্রিকা	৪০ টাকা
শিক্ষণ মুকুর	শিক্ষণ সহায়ক বই	৪০ টাকা
সংবিধান	শাখা আসরের জন্য	৪০ টাকা
খেলার ছড়া	ছড়া সংকলন	৩০ টাকা
প্রেরণা	ভঙ্গিগীতি সংকলন	৩০ টাকা
খেলা শুধু খেলা	খেলার বই	৩০ টাকা
আসরবাণী	ত্রৈমাসিক মুখপত্র বার্ষিক	৪০ টাকা
সব সুরের দেশে	গানের ক্যাসেট	৪০ টাকা
ব্রতচারী গীতি মালিকা	সি. ডি.	৮০ টাকা
সোনারকাঠি ব্যাজ		৫ টাকা
কর্মী ব্যাজ		৫ টাকা
ওগোল		৫ টাকা
সোনারকাঠি সদস্যপত্র		৫ টাকা
কর্মী পরিচিতি পত্র		১০ টাকা
স্বপনবুড়োর ছবি		২০ টাকা
ছন্দাত্মক ব্যায়ামের সি.ডি.		৪০ টাকা
অনন্য সনৎদা		৫০ টাকা
আমার গান সবপেয়েছির গান - সোমেশ ভূঁইঞা		৩০ টাকা
সেরা আটটি নাটক - প্রদীপ রায়		৮০ টাকা



সবপেয়েছির আসর, মুলকেন্দ্র, ৪ জেম্‌স লঙ্‌ সরণী, বড়িষা, কলকাতা - ৭০০ ০০৮ থেকে **শ্রী দিলীপ চক্রবর্ত্তী** (মূলসত্যসেবী) কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত, ব্যবস্থাপক : **তারক মজুমদার**। মুদ্রণে : মুদ্রণ, ৬৯এ, অখিল মিস্ত্রি লেন, কলকাতা - ৭০০ ০০৯
প্রচ্ছদ : বিশ্বজিত দাস